



# বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

১৩৭-১৩৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ই-মেইল: [info@bscic.gov.bd](mailto:info@bscic.gov.bd), ওয়েব সাইট: [www.bscic.gov.bd](http://www.bscic.gov.bd)



স্মারক নং: ৩৬.০২.০০০০.০১৪.২৭.৪৯২.১৮.

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪২৭  
২০ মে ২০২০

বিষয় : ঘূর্ণিঝড় আম্ফানের (Cyclone Amphan) প্রভাব মোকাবেলায় কন্ট্রোল রুম গঠন

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বঙ্গোপসাগরে অবস্থানরত ঘূর্ণিঝড় “আম্ফান” যে কোন সময় দেশের সমুদ্র উপকূল অতিক্রম করতে পারে এবং এর ফলে স্বাভাবিকের চেয়ে অনেক বেশি উচ্চতার জলোচ্ছ্বাস সৃষ্টি হতে পারে। এ দুর্যোগকালীন সময়ে শিল্প সহায়ক কেন্দ্র ও শিল্পনগরী কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীকে নিজ নিজ কর্মস্থলে অবস্থান করে জেলা প্রশাসন ও শিল্প মালিকদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ বজায় রেখে আম্ফানের প্রভাবে সৃষ্ট ক্ষয়ক্ষতি যথেষ্ট কম রাখার জন্য সর্বাঙ্গিক প্রচেষ্টা গ্রহণ করতে হবে এবং কোন ক্ষয়ক্ষতি হলে তা দ্রুত নিরূপণ করে কাটিয়ে উঠার জন্য জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন শিল্প সহায়ক কেন্দ্র ও শিল্পনগরী কার্যালয়কে বর্ণিত নির্দেশনা প্রদানসহ সার্বক্ষণিক যোগাযোগ বজায় রেখে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের লক্ষ্যে একটি কন্ট্রোল রুম গঠনের জন্য অনুরোধ করা হলো।

## কার্যপরিধি :

ক. আঞ্চলিক কার্যালয় কন্ট্রোল রুমের মাধ্যমে শিল্প সহায়ক কেন্দ্র ও শিল্পনগরী কার্যালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ বজায় রেখে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে।

খ. আঞ্চলিক কার্যালয় আম্ফানের প্রভাবে সৃষ্ট ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহের লক্ষ্যে একটি মনিটরিং টিম গঠন করবে।

গ. শিল্প সহায়ক কেন্দ্র ও শিল্পনগরী কার্যালয়ের সার্বিক অবস্থা (ঘূর্ণিঝড় আম্ফানের প্রভাবে সৃষ্ট অবস্থা ক্ষয়ক্ষতির তথ্যসহ) বিসিক কর্তৃকপক্ষকে অবহিত করবে।

স্বাক্ষরিত

(মোঃ খলিলুর রহমান)

পরিচালক (উন্নয়ন ও সম্প্রসারণ)

ফোন : ৯৫৬৫৬১৩।

আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক কার্যালয়

বিসিক, চট্টগ্রাম/খুলনা।

অনুলিপি :

১. আইসিটি সেল প্রধান, বিসিক, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের জন্য)
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।